

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৪৪

১৪/ ক্রয় বিক্রয় (ﷺ ১৪/ ক্রয় বিক্রয় (کتاب البيوع عن رسول الله পরিচ্ছেদঃ (বাট্রায়) মুদ্রা বিনিময়ে।

باب مَا جَاءَ فِي الصَّرْفِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيع، أَخْبَرَنَا حُسَيْنُ بْنُ مُحَمَّدِ، أَخْبَرَنَا شَيْبَانُ، عَنْ يَحْيَى بْن أَبِي كَثِيرٍ، عَنْ نَافِع، قَالَ انْطَلَقْتُ أَنَا وَابْنُ، عُمَرَ إِلَى أَبِي سَعِيدٍ فَحَدَّثَنَا أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ سَمِعَتْهُ أُذُنَاىَ هَاتَان يَقُولُ " لاَ تَبِيعُوا الذَّهَبَ بِالذَّهَبِ إِلاَّ مِثْلاً بِمِثْلِ وَالْفِضَّةَ بِالْفِضَّةِ إِلاَّ مِثْلاً بِمِثْل لاَ يُشَفُّ بَعْضُهُ عَلَى بَعْضِ وَلاَ تَبِيعُوا مِنْهُ غَائِبًا بِنَاجِنِ ". قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ أَبِي بَكْرِ وَعُمَرَ وَعُثْمَانَ وَأَبِي هُرَيْرَةَ وَهِشَام بْن عَامِر وَالْبَرَاءِ وَزَيْدِ بْنِ أَرْقَمَ وَفَضَالَةَ بْنِ عُبَيْدِ وَأَبِي بَكْرَةَ وَابْنِ عُمَرَ وَأَبِي الدَّرْدَاءِ وَبِلالِ. قَالَ وَحَدِيثُ أَبِي سَعِيدِ عَن النَّبِيّ صلى الله عليه وسلم فِي الرِّبَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ. وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ إِلاّ مَا رُويَ عَن ابْن عَبَّاسٍ أَنَّهُ كَانَ لاَ يَرَى بَأْسًا أَنْ يُبَاعَ الذَّهَبُ بِالذَّهَبِ مُتَفَاضِلاً وَالْفِضَّةُ بِالْفِضَيَّةِ مُتَفَاضِلاً إِذَا كَانَ يَدًا بِيَدِ . وَقَالَ إِنَّمَا الرِّبَا فِي النَّسِيئَةِ . وَكَذَلِكَ رُوِيَ عَنْ بَعْضِ أَصْحَابِهِ شَيْءٌ مِنْ هَذَا وَقَدْ رُوِيَ عَنِ ابْنِ عَبَّاسِ أَنَّهُ رَجَعَ عَنْ قَوْلِهِ حِينَ حَدَّثَهُ أَبُو سَعِيدِ الْخُدْرِيُّ عَن النَّبِيّ صلى الله عليه وسلم . وَالْقَوْلُ الأَوَّلُ أَصِبَحُّ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيِّ وَابْنِ الْمُبَارَكِ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَرُوِيَ عَنِ ابْنِ الْمُبَارَكِ أَنَّهُ قَالَ لَيْسَ فِي الصَّرْف اخْتِلاَفٌ.

বাংলা

১২৪৪. আহমাদ ইবনু মানী' (রহঃ) নাফি' (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি ও ইবনু উমার রাদিয়াল্লাহু



আনহু আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহু এর কাছে গেলাম। তিনি আমাদের হাদীস বর্ণনা করে বলেন, আমার এই দু'কান রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি যে, সমপরিমাণ না হওয়া ব্যতিরেকে তোমরা স্বর্ণের বিনিময়ে স্বর্ণ বিক্রি করবে না, সমপরিমাণ না হওয়া ব্যতিরেকে তোমরা রূপার বিনিময়ে রূপার বিক্রি করবে না। কতকের উপর কতক যেন অতিরিক্ত না হয়। আর এর নগদের বদলে বাকী বিক্রি করবে না। - ইরওয়া ৫/১৮৯, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১২৪১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবৃ বকর, উমার, উছমান, আবৃ হুরায়রা হিশাম ইবনু আমির, বারা, যায়দ ইবনু আরকাম, ফাযালা ইবনু উবায়দ, আবৃ বকরা, ইবনু উমার, আবৃদ দারদা ও বিলাল রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আবৃ সাঈদ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদীসটি হাসান-সাহীহ। সাহাবী ও অপরাপর আলিমগণের এই হাদীস অনুসারে আমল রয়েছে। তবে ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি দস্তবদস্ত হলে স্বর্ণের বিনিময়ে অতিরিক্ত পরিমাণ স্বর্ণ বা রূপার বিনিময়ে অতিরিক্ত পরিমাণ রূপা বিক্রিতে কোন দোষ আছে মনে করেন না। তিনি বলেন, সূদ হয় বাকীতে বিক্রয়ে। কতক সাহাবী থেকেও এমন ধরণের কিছু বর্ণিত আছে। ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, আবৃ সাঈদ খুদরী তাঁকে এই হাদীসটি বর্ণনা করে শুনালে তিনি তাঁর পূর্বমত প্রত্যাহার করেন। প্রথমোক্ত মতটই অধিকতর সাহীহ। এতদনুসারে আলিমগণের আমল রয়েছে। এ হলো ইমাম সুফইয়ান ছাওরী, ইবনু মুবারক, শাফিঈ, আহমাদ ও ইসাক (রহঃ)-এর অভিমত। ইবনু মুবারক (রহঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন, মুদ্রা বিনিময়ের ক্ষেত্রে কোন মতভেদ নাই।

English

Narrated Nafi':

"Ibn 'Umar and I went to Abu Sa'eed and he narrated to us: 'the Messenger of Allah (ﷺ) said - and I heard him with these [two] ears: "Do not sell gold for gold except kind for kind, nor sliver for silver except kind for kind, do not exchange more of one than the other, and do not sell what is not present from them for what is present."

[Abu 'Eisa said:] There are narrations on this topic from Abu Bakr, 'Umar, 'Uthman, Abu Hurairah, Hisham bin 'Amir, Al-Bara', Zaid bin Arqam, Fadalah bin 'Ubaid, Abu Bakrah, Ibn 'Umar, Abu Ad-Darda', and Bilal.

[He said:] The Hadith of Abu Sa'eed, from the Prophet (ﷺ) [about Riba] is a Hasan Sahih Hadith.

This is acted upon according to the people of knowledge among the Companions of the Prophet (ﷺ) and others, except for what has been related from Ibn 'Abbas; he did not see any harm in exchanging gold for gold



or silver for silver, more for less, when it is done hand in hand, and he said: "Riba' is only in credit." Similar it has been related from some of his companions. It has been related that Ibn 'Abbas changed his opinion when Abu Sa'eed narrated it to him from the Prophet (ﷺ). The first view is more correct.

And this is acted upon according to the people of knowledge [among the Companions of the Prophet (ﷺ) and others]. It is the view of Sufyan Ath-Thawri, Ibn Al-Mubarak, Ash-Shafi'i, Ahmad, and Ishaq. It has been reported that Ibn Al-Mubarak said: "There is no difference over exchange."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন